দৈনিক জনকণ্ঠ

30 DEC 2016

# পাসের হারে দেশসেরা রাজশাহী বোর্ড

## জেএসসির ফল

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এবার জেএসসি পরীক্ষায় পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তের সংখ্যা বেড়েছে। রাজশাহী বোর্ডের পাসের হার ৯৭ দশমিক ৬৮ শতাংশ। গত বছর যা ছিল ৯৭ দশমিক ৩৫ শতাংশ। এ বছর পাসের হারের পাশাপাশি জিপিএ-৫ প্রাপ্তের সংখ্যাও বেড়েছে। এবার বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৪০ হাজার ৪৭১ পরীক্ষার্থী। বৃহস্পতিবার দুপুর সাড়ে ১২টায় রাজশাহী শিক্ষা বোর্ডের সভাকক্ষে সংবাদ সম্মেলনের মাধ্যমে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর তরুণ কুমার সরকার আনুষ্ঠানিকভাবে এ ফলাফল ঘোষণা করেন।

এ সময় তিনি জানান, এ বছর রাজশাহী বোর্ডে ২ লাখ ২৬ হাজার ৮৯২ শিক্ষার্থীর মধ্যে পাস করে ২ লাখ ২১ হাজার ৬১৭ জন। পাসের হারে ছেলেদের চেয়ে মেয়েরা এগিয়ে রয়েছে এ বোর্ডে। এবার মেয়েদের পাসের হার ৯৭ দশমিক ৯২ শতাংশ এবং ছেলেদের পাসের হার ৯৭ দশমিক ৪৩ শতাংশ। জিপিএ-৫ প্রাপ্তির সংখ্যার দিক থেকে এগিয়ে রয়েছে মেয়েরা। এবার ২১ হাজার ৮৭৬ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছে এবং ছাত্র পেয়েছে ১৮ হাজার ৫৯৫ জন। পাসের হার ও জিপিএ-৫ প্রাপ্তির দিক থেকে রাজশাহী বোর্ড এগিয়ে রয়েছে দেশের বোর্ডগুলোর তালিকায়। এদিকে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে পাসের হারের দিক থেকে এগিয়ে আছে পাবনা জেলা। এবারে জেএসসি পরীক্ষায় পাবনা জেলায় ৯৮ দশমিক ১২ ভাগ পরীক্ষার্থী পাস করেছে। আর জিপিএ-৫ প্রাপ্তিতে এগিয়ে আছে বগুড়া। এ জেলা থেকে জিপিএ-৫ পেয়েছে ৪ হাজার ৯৫৯ জন পরীক্ষার্থী। এছাড়া নওগাঁয় পাসের হার ৯৭ দশমিক ৯১ ভাগ, বগুড়ায় ৯৭ দশমিক ৯০, সিরাজগঞ্জে ৯৭ দশমিক ৫৩ ভাগ, জয়পুরহাটে ৯৭ দশমিক ৬৯ ভাগ, রাজশাহী জেলায় পাস করেছে ৯৭ দশমিক ২৯ ভাগ, চাঁপাইনবাবগঞ্জে ৯৬ দশমিক ১৯ ভাগ ও নাটোরে ৯৫ দশমিক ৮২ ভাগ শিক্ষার্থী পাস করেছে।

অপরদিকে জিপিএ-৫ প্রাপ্তিতে বগুড়ার পরে রাজশাহী জেলা থেকে জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৩৫২ জন, নওগাঁ জেলায় ৩ হাজার ২৭৮ জন, পাবনায় ৩ হাজার ১৪২ জন, সিরাজগঞ্জে ২ হাজার ৮৫৯ জন, নাটোরে এক হাজার ৭০৯ জন, চাঁপাইনবাবগঞ্জে এক হাজার ৩৩১ জন ও জয়পুরহাটে এক হাজার ২৪৬ জন।